

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬৩৩

খোয়াই, ১০ নভেম্বর, ২০২৩

ভগবান বিরসা মুন্ডার জন্মজয়ন্তী
বাগান পঞ্চায়েতে প্রস্তুতি সভা

আগামী ১৫ নভেম্বর খোয়াই মহকুমার বাগান পঞ্চায়েতে যথাযোগ্য মর্যাদায় ভগবান বিরসা মুন্ডার জন্মজয়ন্তী উদযাপন করা হবে। এ উপলক্ষে আজ বাগান পঞ্চায়েতের চা বাগান ডাকবাংলোয় এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের কর্মবিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সুব্রত মজুমদার, চা বাগানের ম্যানেজার সুভাষ মজুমদার, সমাজসেবী রংমেন সাঁওতাল, জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের আধিকারিক বিশ্বজিৎ বণিক প্রমুখ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, আগামী ১৫ নভেম্বর ভগবান বিরসা মুন্ডার জন্মজয়ন্তী উপলক্ষে বনবীথি পার্কে বিরসা মুন্ডার মর্মর মূর্তিতে মাল্যদান ও পুষ্পার্ঘ্য অর্পণ করা হবে। এ উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হবে।
